

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ  
পার-৩শাখা  
[www.mefwd.gov.bd](http://www.mefwd.gov.bd)

বিষয়ঃ সরকারি ইউনানী মেডিকেল কলেজ ও হাসপাতাল, সিলেট এর রাজস্বখাতে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রণীত খসড়া নিয়োগ বিধিমালা পর্যালোচনার দক্ষ্যে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি	:	যুগ্মসচিব (পার) স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
সভার তারিখ	:	০৬.১১.২০১৮খ্রি.
সভার সময়	:	বেলা ১১:০০ ঘটিকা
স্থান	:	যুগ্মসচিব (পার) এর অফিস কক্ষ (কক্ষ নং ২৩৪, ভবন নং-০৩)।

সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা- পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে উপ সচিব (পার-৩) সরকারি ইউনানী আয়ুর্বেদিক মেডিকেল কলেজ ও হাসপাতাল, সিলেট এর রাজস্বখাতে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রণীত খসড়া নিয়োগ বিধিমালাটি প্রস্তুতের উদ্দেশ্যে সভায় বিস্তারিত আলোচনা করেন।

সভায় আলোচনা ও সিদ্ধান্ত:

সরকারি ইউনানী মেডিকেল কলেজ ও হাসপাতাল, সিলেট এর রাজস্বখাতে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রণীত খসড়া নিয়োগ বিধিমালায় তফসিল নিয়ে কমিটির সদস্য কর্তৃক পর্যালোচনা করা হয়। ইতোপূর্বে প্রস্তুতকৃত সাংগঠনিক কাঠামোটি যুগোপযোগী ও সামঞ্জস্যপূর্ণ ছিল যা বিধায় নতুন সাংগঠনিক কাঠামো প্রস্তুত করা হয়। সকল ক্ষেত্রে প্রস্তাবিত তফসিলের সাথে সাংগঠনিক কাঠামোর পদসংখ্যা, পদের নাম, বেতনস্কেল, গ্রেড এক হওয়া বাঞ্ছনীয় বলে কমিটির সদস্যরা একমত হয়। সার্বিক আলোচনায় কমিটি কর্তৃক নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

(১) কমিটির সদস্য কর্তৃক তফসিলের ক্রমিক নং ১-৩২ পর্যন্ত খসড়া আলোচনা করা হয়েছে। ঐ খসড়ার হাকীম মোঃ নূরুল হক, অধ্যক্ষ, সরকারি ইউনানী মেডিকেল কলেজ ও হাসপাতাল, সিলেট আগামী এক সপ্তাহের মধ্যে প্রস্তাবিত সাংগঠনিক কাঠামোটি তফসিল এর সাথে সামঞ্জস্য রেখে সরকারি ইউনানী আয়ুর্বেদিক মেডিকেল কলেজ ও হাসপাতাল, সিলেট এর রাজস্বখাতে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের খসড়া নিয়োগ বিধিমালা, ২০১৮ (খসড়া) পুনঃ প্রস্তুত করে কমিটির নিকট উপস্থাপন করবে।

(২) তফসিলের ক্রমিক নং ৩২ থেকে পরবর্তী পদগুলো নিয়ে বিশ্লেষণ করার জন্য আগামী সপ্তাহে পুনরায় কমিটির সদস্যগণ সভায় মিলিত হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

পরিশেষে সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার পরিসমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-  
০৬/১১/১৮  
(সিদ্দিকা আক্তার)  
যুগ্মসচিব (পার)  
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ

নং- ৫৯.০০.০০০০.১১১.১১.০০৩.১৮-১৯৮/৬(৫)


তারিখঃ ০৭/১১/২০১৮ খ্রি।

বিতরণ ও কার্যার্থে:(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। জনাব গৌতম কুমার, যুগ্মসচিব (আইন), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।
- ২। মাহবুবা ফারজানা, উপসচিব (বাজেট), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।
- ৩। জনাব শাহ আলম মুকুল, উপসচিব (টিকিৎসা শিক্ষা-১), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।
- ৪। পরিচালক, হোমিও ও দেশজ চিকিৎসা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৫। অধ্যক্ষ, সরকারি ইউনানী মেডিকেল কলেজ ও হাসপাতাল, সিলেট।
- ৬। সাজিয়া জামান, সিনিয়র সহকারী সচিব (সিবিএমই-১), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।
- ✓ ২। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। অতিরিক্ত সচিব (প্রশাসন), এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।
- ৪। যুগ্মসচিব (পার), এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।
- ৫। যুগ্মসচিব (আইন), এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।

  
(মাকসুদা হোসেন)  
উপসচিব  
ফোন: ৯৫৪৫৫২২